# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০৯

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ হাজত সারার সময়ে টিলা বা খেজুর গাছের ঝুপড়ির মাধ্যমে পর্দা করে নেওয়া বৈধ

## ذِكْرُ إِبَاحَةِ اسْتِتَارِ الْمَرْءِ بِالْهَدَفِ أَوْ حَائِشِ النَّخْلِ إِذَا تبرَّز

আরবী

1409 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْكَرِيمِ الْعَبْدِيُّ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ أَبِي يَعْقُوبَ يُحَدِّثُ عَنِ الْحَسَنِ بْنِ سَعْدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ: رَكِبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَغْلَتَهُ وَأَرْدَفَنِي خَلْفَهُ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا تَبَرَّزَ كَانَ أَحَبَّ مَا تَبَرَّزَ إِلَيْهِ هَدَفٌ يَسْتَتِرُ بِهِ أَوْ حَائِشُ نَخْلٍ قَالَ: فدخل حائطاً لرجل من الأنصار.

الراوي : عَبْد اللَّهِ بْن جَعْفَرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1409 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪০৯. আব্দুল্লাহ বিন জা‘ফর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর খচ্চরের উপর আরোহন করেন এবং আমাকে তাঁর পিছনে উঠিয়ে নেন। তিনি যখন হাজত সারার জন্য বের হতেন, তখন তিনি টিলা বা খেজুর গাছের ঝুপড়ির মাধ্যমে পর্দা করতে পছন্দ করতেন।” রাবী বলেন, “অতঃপর তিনি আনসারী এক সাহাবীর বাগানে প্রবেশ করেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২০৪; সহীহ মুসলিম: ৩৪২; আবূ দাঊদ: ২৫৪৯; ইবনু মাজাহ: ৩৪০; দারেমী: ১/১৭০; আবূ আওয়ানা: ১/১৯৭; সুনান বাইহাকী: ১/৯৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৪০৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90723

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন